

# প্রথম আলো

## রাষ্ট্রপতি-প্রধানমন্ত্রিসহ ১৫ সাংবিধানিক পদে বেতন প্রায় দ্বিগুণ

বিশেষ প্রতিনিধি | আপডেট: ০২:২৮, অক্টোবর ২০, ২০১৫

সরকারি কর্মকর্তা-কর্মচারীদের বেতন বৃদ্ধির পর এবার রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, মন্ত্রী, স্পিকার, প্রধান বিচারপতি, সংসদ সদস্যসহ সাংবিধানিক ১৫টি পদে পারিতোষিক বা বেতন প্রায় দ্বিগুণ করার সিদ্ধান্ত নিয়েছে সরকার। সরকারি কর্মচারীদের নতুন বেতনকাঠামোর সঙ্গে সংগতি রেখে এই বেতন-ভাতা বৃদ্ধির প্রস্তাব গতকাল সোমবার মন্ত্রিসভা অনুমোদন করেছে।

এতে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর বেতন বেড়েছে ৯৬ শতাংশের বেশি। আর সংসদ সদস্যদের বেড়েছে শতভাগ। এর সঙ্গে বিভিন্ন পদে অন্যান্য ভাতাও বেড়েছে। সর্বশেষ ২০০৯ সালে এসব পদে বেতন বাড়ানো হয়েছিল।

প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে সচিবালয়ে মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে গতকাল এ অনুমোদন দেওয়া হয়। এ সময় রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, স্পিকার, প্রধান বিচারপতি, মন্ত্রী, ডেপুটি স্পিকার, বিরোধীদলীয় নেতা, চিফ জুইপ, আপিল বিভাগ ও হাইকোর্ট বিভাগের বিচারক, প্রতিমন্ত্রী, বিরোধীদলীয় উপনেতা, জুইপ, উপমন্ত্রী ও সংসদ সদস্যদের বেতন-ভাতা বৃদ্ধির ছয়টি অধ্যাদেশের খসড়া সংশোধনী প্রস্তাবের অনুমোদন দেয় মন্ত্রিসভা।

বৈঠক শেষে মন্ত্রিপরিষদ সচিব মোহাম্মদ মোশাররফ হোসাইন ভূইঞা সাংবাদিকদের বলেন, অর্থবিল হওয়ায় এগুলো অনুমোদনের জন্য রাষ্ট্রপতির কাছে যাবে। এরপর বিলগুলো জাতীয়

সংসদে পেশ করা হবে। এতে চলতি ২০১৫ সালের ১ জুলাই থেকে বেতন এবং ২০১৬

সালের ১ জুলাই থেকে ভাতা বৃদ্ধির সিদ্ধান্ত কার্যকর হবে।

মন্ত্রিপরিষদ সচিব বলেন, সংশোধিত প্রস্তাব অনুযায়ী রাষ্ট্রপতির বেতন বর্তমান ৬১ হাজার

২০০ থেকে ১ লাখ ২০ হাজার এবং প্রধানমন্ত্রীর বেতন ৫৮ হাজার ৬০০ থেকে ১ লাখ ১৫

হাজার টাকায় উন্নীত হবে। আকাশপথে ভ্রমণে রাষ্ট্রপতির বিমাসুবিধা ১৫ লাখ টাকা থেকে

বাড়িয়ে ২৭ লাখ টাকা করা হয়েছে। তবে রাষ্ট্রপতির বর্তমান স্বেচ্ছাধীন তহবিল দুই কোটি

টাকা অপরিবর্তিত থাকবে।

প্রধানমন্ত্রীর জন্য আকাশপথে ভ্রমণে বিমাসুবিধা ১৪ লাখ থেকে বাড়িয়ে ২৫ লাখ টাকার

প্রস্তাব করা হয়েছে। তাঁর স্বেচ্ছাধীন তহবিল এক কোটি থেকে বাড়িয়ে দেড় কোটি টাকা করা

হয়েছে। প্রধানমন্ত্রী বেসরকারি বাড়িতে থাকলে প্রতি মাসে ভাড়া বাবদ পাবেন ১ লাখ টাকা,

যা আগে ছিল ৫০ হাজার টাকা। এ ছাড়া টাকার বাইরে গেলে প্রধানমন্ত্রীর দৈনিক ভাতা এক

হাজার টাকা থেকে বাড়িয়ে তিন হাজার টাকা করা হয়েছে।